

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৯) পেশাব-পায়খানা থেকে বের হওয়ার পর 'আল-হামদুলিল্লা-হিললাযি আযহাবা আন্নিল আযা ওয়া 'আফানী' দু'আ পাঠ করা

টয়লেট সারার পর বলবে, 'গুফরা-নাকা', যা ছহীহ হাদীছ দ্বারা প্রমাণিত।[1] 'আল-হামদুলিল্লা-হিললাযি… মর্মে বর্ণিত হাদীছ যঈফ।

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ كَانَ النَّبِيُّ ﴿ إِذَا خَرَجَ مِنْ الْخَلَاءِ قَالَ الْحَمْدُ لِلَّهِ الَّذِيْ أَذْهَبَ عَنِّي الْأَذَى وَعَافَانِيْ. আনাস (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) যখন পায়খানা থেকে বের হতেন তখন বলতেন, ঐ আল্লাহর যাবতীয় প্রশংসা, যিনি আমার কষ্ট দূর করেছেন ও আমাকে সুস্থ করেছেন।[2]

তাহক্বীক : উক্ত বর্ণনার সনদে ইসমাঈল ইবনু মুসলিম নামে একজন রাবী আছে, সে মুহাদ্দিছগণের ঐকমত্যে যঈফ।[3]

## ফুটনোট

- [1]. ছহীহ আবুদাউদ হা/৩০, ১/৫ পৃঃ; তিরমিযী হা/৭, ১/৭ পৃঃ।
- [2]. ইবনু মাজাহ হা/৩০১, পৃঃ ২৬; মিশকাত হা/৩৭৪, পৃঃ ৪৪; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৪৫, ২/৭০ পৃঃ; বঙ্গানুবাদ সুনানু ইবনে মাজাহ (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, দ্বিতীয় সংস্করণ : ডিসেম্বর ২০০৫), হা/৩০১, ১ম খন্ড, পৃঃ ১৪৯-১৫০।
- [3]. যঈফ ইবনু মাজাহ হা/**৩০১**।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1807

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন